গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.০৪.০২৮.১৬-৪১৮ তারিখঃ ০৭/০৫/২০১৯খ্রিঃ।

## প্রজ্ঞাপন

নরসিংদী পলিটেকনিক ইনস্টিটিউট, নরসিংদী এর অধ্যক্ষের কার্যালয় হতে প্রাপ্ত ২১/০৯/২০১৬খ্রিঃ তারিখের ০৯৭৫ সংখ্যক স্মারক বিবেচ্যপত্রের প্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.০৪.০২৮.১৬-৭৮১, তারিখ-০৯/১১/২০১৬খ্রিঃ মোতাবেক জনাব মোঃ হুমায়ুন কবীর, ক্লিনার, নরসিংদী পলিটেকনিক ইনস্টিটিউট, নরসিংদী কে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। উক্ত নোটিশের জবাবে তার কৃত অপরাধের জন্য ভুল স্বীকার করেন এবং ক্ষমা প্রার্থনা করে জানান, শারীরিক অসুস্থতা ও পারিবারিক কারণে কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। এছাড়াও, তিনি ব্যক্তিগত শুনানী চান না মর্মে উল্লেখ করেন। অতঃপর ০২/০২/২০১৭খ্রিঃ তারিখের ১৪৮৭ সংখ্যক স্মারক বিবেচ্যপত্র নরসিংদী পলিটেকনিক ইনস্টিটিউট, নরসিংদী হতে প্রাপ্ত পত্রের প্রেক্ষিতে জনাব মোঃ হুমায়ুন কবীর, ক্লিনার, নরসিংদী পলিটেকনিক ইনস্টিটিউট, নরসিংদী কে পুনরায় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয় এবং প্রাতিষ্ঠানিক স্বার্থে কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.০৪.০২৮.১৬-২৭১(৮), তারিখ-১৬/০৩/২০১৭খ্রিঃ মোতাবেক বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই এ বদলী করা হয়।

২। পূর্বের কর্মস্থল নরসিংদী পলিটেকনিক ইনস্টিটিউট, নরসিংদী হতে ২০/০৩/২০১৭খ্রিঃ তারিখ ছাড়পত্র প্রদান করার ২৭ দিন পর গত ১৭/০৪/২০১৭খ্রিঃ তারিখ পূর্বাহ্নে তিনি বদলীকৃত প্রতিষ্ঠান বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই এ যোগদান করেন। যোগদানের পর বিভিন্ন মেয়াদে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিতিসহ সর্বশেষ ০৭/০৩/২০১৮খ্রিঃ তারিখ হতে ১১/০৩/২০১৮খ্রিঃ তারিখ পর্যন্ত পারিবারিক কারণ দেখিয়ে নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করে পুনরায় কর্তব্য কাজে যোগদান না করায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.০৪.০২৮.১৬-৮৯২(২), তারিখ-০৭/১১/২০১৭খ্রিঃ মোতাবেক জনাব মোঃ হুমায়ুন কবীর, ক্লিনার, বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিউিট, কাপ্তাই এর বিরুদ্ধে "সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫" এর বিধি ৩ এর উপবিধি (বি) মোতাবেক 'অসদাচরণ' (Misconduct) এবং বিধি ৩ এর উপবিধি (সি) মোতাবেক 'পলায়ন' (Desertion)'র অভিযোগে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রস্তুত করে তার স্থায়ী ঠিকানা ও বর্তমান কর্মস্থলে ডাকযোগে প্রেরণ করা হয়। উক্ত অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর প্রেক্ষিতে তিনি জবাব দাখিল করেন। জবাব ও সংশ্লিষ্ট রেকর্ডপত্রসমূহ পর্যালোচনায় দায়েরকৃত বিভাগীয় মোকদ্দমাটি যথানিয়মে নিষ্পত্তির লক্ষ্যে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

৩। তদন্ত কর্মকর্তা কর্তৃক তদন্তপূর্বক গত ১৮/০৬/২০১৮খ্রিঃ তারিখের স্বাক্ষরে দাখিলকৃত বিস্তারিত তদন্ত প্রতিবেদনে দেখা যায়, ২৩/০১/২০১৬খ্রিঃ তারিখ হতে তদন্ত কার্যক্রম সম্পাদন কালীন সর্বমোট ২১৪ (দুইশত চৌদ্দ) দিন কর্মস্থলে অনুপস্থিত থাকায় এবং বদলীকৃত প্রতিষ্ঠান হতে ছাড়পত্র গ্রহণ করে প্রাপ্য যোগদানকালের মধ্যে বদলীকৃত প্রতিষ্ঠানে যোগদান না করে সরকারী কর্তব্য কাজে অবহেলা করায় জনাব মোঃ হুমায়ুন কবীর, ক্লিনার, বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই এর বিরুদ্ধে "সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮" এর বিধি ৩ এর উপবিধি (খ) মোতাবেক 'অসদাচরণ' (Misconduct) এবং ৩ এর উপবিধি (গ) মোতাবেক 'পলায়ন' (Desertion) এর অভিযোগ প্রমাণিত হয়েছে। বিধায় জনাব মোঃ হুমায়ুন কবীর, ক্লিনার, বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই কে গুরুদণ্ড প্রদানের লক্ষ্যে "সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮" এর বিধি ৭ এর উপবিধি (৯) অনুযায়ী গুরুদণ্ডের আওতায় কেন তাকে "চাকরি থেকে বরখাস্ত" (Dismissal from service) করা হবে না সে বিষয়ে পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জবাব দাখিলের জন্য দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ বর্তমান ও স্থায়ী ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে প্রেরণ করা হলে তিনি কোনো জবাব দাখিল করেননি।

৪। জবাব দাখিল না করায় এবং তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনসহ সংশ্লিষ্ট সকল রেকর্ডপত্র পর্যালোচনায় জনাব মোঃ হুমায়ুন কবীর, ক্লিনার, বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই এর বিরুদ্ধে "সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮" এর ৩ এর উপবিধি (খ) মোতাবেক 'অসদাচরণ' এবং ৩ এর উপবিধি (গ) মোতাবেক 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে "সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮" এর বিধি ৪ এর উপবিধি ১(খ) মোতাবেক গুরুদণ্ডের আওতায় বিধি ৪ এর উপবিধি ৩(ঘ) অনুযায়ী ০৭/০৩/২০১৮খ্রিঃ তারিখ হতে "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৫। এমতাবস্থায়, জনাব মোঃ হুমায়ুন কবীর, ক্লিনার, বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই কে "সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮" এর বিধি ৪ এর উপবিধি ১(খ) মোতাবেক গুরুদণ্ডের আওতায় বিধি ৪ এর উপবিধি ৩(ঘ) অনুযায়ী ০৭/০৩/২০১৮খ্রিঃ তারিখ হতে "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from Service) করা হলো। উক্ত তারিখ হতে পদটি শূন্য বলে গণ্য হবে।

৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(রওনক মাহমুদ)
অতিরিক্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
ও
মহাপরিচালক(অঃ দাঃ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.০৪.০২৮.১৬-৪১৮(৮)　　　　　　　　　　　　　　　　　　　　　　　　তারিখঃ ০৭/০৫/২০১৯খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। পরিচালক (পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
২। অধ্যক্ষ বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই, রাঙামাটি পার্বত্য জেলা।
৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ৪৫, পুরান পল্টন, ঢাকা-১০০০।
৪। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বড়ইছড়ি, কাপ্তাই, পার্বত্য রাঙামাটি জেলা।
৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা **(পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)**।
৬। জনাব মোঃ হুমায়ুন কবীর, ক্লিনার, বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই।
স্থায়ী ঠিকানাঃ পিতাঃ মোঃ হোসেন আলী, গ্রামঃ মাঝি পাড়া, পোঃ গুজাদিয়া, উপজেলাঃ করিমগঞ্জ, জেলাঃ কিশোরগঞ্জ।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা **(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)**।
৮। সংরক্ষণ নথি।

৭/৫/১৯

(নাজমুন নাহার)
সহকারী পরিচালক-৩
কারিগরি শিক্ষা অধিদপ্তর
ফোন-০২-৮১৮১২২৫